

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org

সার্কুলার- ৩/২০১৮

তারিখ : ০৮ - ০২ - ২০১৮

কনভেনর প্রাইমারী ইউনিট, ওয়েবকুটা/ জেলা সম্পাদক

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সার্থী,

গত সার্কুলারের সাথে আপনাদের সভ্যপদ জমা দেওয়ার বিজ্ঞপ্তি দিয়েছি। আবারও আপনাদের অনুরোধ জানাচ্ছি ৩১ মার্চ, ২০১৮ -র মধ্যে সভ্যপদের চাঁদা ও নামের তালিকাসহ সমিতির দপ্তরে জমা দিন।

সদ্যসমাপ্ত AIFCUTO সম্মেলনে গৃহীত আন্দোলন সংক্রান্ত প্রস্তাবটি সমিতির ওয়েবসাইটে দেওয়া হয়েছে। নিশ্চয়ই আপনারা তা লক্ষ্য করেছেন বা করবেন।

ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের বাধা সত্ত্বেও RTI করার মধ্য দিয়ে সপ্তম বেতন কমিশনের সুপারিশ জমসমক্ষে আনা সম্ভব হয়েছে। আপনারা Whats App গ্রুপগুলি মারফৎ অনেকেই তা জানতে পেরেছেন। AIFUCTO নেতৃত্ব আগামী ১০ ফেব্রুয়ারির মধ্যে এ বিষয়ে আমাদের পর্যবেক্ষণ ও মতামত জানতে বলেছেন। সেইমত আমরা কর্মসমিতির সভায় প্রাথমিক পর্যায়ে কিছু আলোচনা করেছি। আপনাদের মতামত লিখিত ভাবে পেলে সবটা মিলিয়ে অধ্যাপক সমিতির পক্ষ থেকে আমাদের সামগ্রিক মতামত আমরা AIFUCTO নেতৃত্বকে জানিয়ে দেবো। যদিও ওঁরা সর্বশেষ সার্কুলারে এই রিপোর্টের কিছু ইতিবাচক দিক উল্লেখ করেছেন, আমরা অধ্যাপক সমিতি এর পাশাপাশি কিছু নেতিবাচক দিকও চিহ্নিত করেছি, যা উল্লেখ করা দরকার বলে আমরা মনে করি।

গত ৩১ জানুয়ারি UGC সচিব রাজ্যগুলির শিক্ষা সচিবদের Speed Post এ চিঠি মারফৎ (F No. 23-4/2017 &PS) জানিয়েছেন, 'The State Governments may initiate immediate action so that the implementation of this scheme may be done in a time bound manner' এই চিঠি আমরা আপনাদের জ্ঞাতার্থে সমিতির ওয়েবসাইটে দিয়ে দিয়েছি। আমরা গত ১২ ডিসেম্বর উচ্চশিক্ষা মন্ত্রীর চিঠি দিয়ে সপ্তম বেতন কমিশনের সুপারিশ দ্রুত কার্যকর করা ও তদনুযায়ী অবসর প্রাপ্ত শিক্ষকদের পেনশন রিভিশন -এর দাবি জানিয়েছিলাম। এই চিঠি পাওয়ার পর আমরা পুনরায় শিক্ষামন্ত্রীর ও শিক্ষা দপ্তরের প্রধান সচিবকে একই দাবি জানিয়ে চিঠি দিয়েছি যার কপি ইতিমধ্যেই সমিতির ওয়েবসাইটে দেওয়া হয়েছে। এরপর রাজ্যসরকারের তরফে নির্দিষ্ট সময়ের মধ্যে কোনো ইতিবাচক সাড়া না পেলে আমরা সপ্তম বেতন কমিশনের সুপারিশ দ্রুত চালু করা ও তদনুযায়ী অবসরপ্রাপ্ত শিক্ষকদের পেনশন সংশোধনের দাবিতে পথে নেমে আন্দোলনে যেতে বাধ্য হব। এ বিষয়ে বিস্তারিত কর্মসূচি দ্রুত আপনাদের জানাবো।

আংশিক ও চুক্তিভিত্তিক শিক্ষকদের নিয়ে সমিতির আন্দোলন চলছে। ইতিমধ্যে আরো দুটি জেলায় এই বন্ধুদের নিয়ে কনভেনশন অনুষ্ঠিত হয়েছে। কর্মসমিতির সর্বশেষ সভায় সিদ্ধান্ত হয়েছে ১) আগামী মার্চ মাসের মধ্যে এই শিক্ষক বন্ধুদের সমকাজে সমবেতন, চাকুরীর নির্দিষ্ট শর্তাবলী ও অন্যান্য সুবিধাদি প্রদানের দাবিতে কলকাতায় কেন্দ্রীয় ভাবে মিছিল ও সমাবেশ কর্মসূচি অনুষ্ঠিত হবে। ২) একই সাথে এইসব শিক্ষক বন্ধুদের সর্বাধিক সংখ্যায় (ন্যূনতম ২০০ জন) অংশগ্রহণের মাধ্যমে আইনী পথে লড়াই শুরু হবে। প্রসঙ্গত জানিয়ে রাখি পে রিভিউ কমিটির প্রকাশিত সুপারিশে এই সমস্ত শিক্ষকদের কথা বলতে গিয়ে নির্দিষ্ট করে সমকাজে সমবেতনের বিষয়টি এই প্রথম উল্লেখ করা হয়েছে -- যা আমরা মনে করি আমাদের এই লড়াইকে শক্তিশালী করবে।

এবার WBCUTA কর্মসমিতির নির্বাচনের বছর। ইতিমধ্যে অধ্যাপক সমিতির ইলেকশন বোর্ড তার প্রথম সভায় সর্বসম্মতিতে কর্মসমিতির নির্বাচন সূচি চূড়ান্ত করেছে যা আপনাদের জ্ঞাতার্থে এই সার্কুলারের সাথে স্বতন্ত্রভাবে দেওয়া হল।

অভিনন্দন সহ

শ্রুতিমাথ প্রহরাজ
(শ্রুতিমাথ প্রহরাজ)
সাধারণ সম্পাদক

**SCHEDULE FOR THE ELECTION OF CONVENER, MEMBERS OF
GENERAL COMMITTEE & EXECUTIVE COMMITTEE -- 2017-2019**

Last date of Election of Convener	:	31.03.2018 (Saturday)
Last date of Election of Ordinary Members of General Committee (in Primary Unit)	:	16.07.2018 (Monday)
Publication of List of the Ordinary Members of the General Committee	:	25.07.2018 (Wednesday)
Issue of Nomination Paper for the above	:	27.07.2018 (Friday)
Last date of submitting Nomination	:	08.08.2018 (Wednesday)
Scrutiny of Nomination Papers	:	09.08.2018 (Thursday)
Date of Withdrawal	:	10.08.2018 (Friday)
Date of Publication of eligible Candidates	:	10.08.2018 (Friday)
Issue of Ballot Papers	:	17.08. 2018 (Friday)
Date of Polling for election of members to Executive Committee	:	07.09.2018 (Friday)
Counting of Votes for the above and Declaration of the result thereof	:	26. 09. 2018 (Wednesday)



**(Srutinath Praharaj)
General Secretary
WBCUTA**